

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৭১.৭০.০০১.২০.

তারিখ : ১২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

অফিস আদেশ

দুর্যোগপীড়িত জনগোষ্ঠীকে প্রদেয় শুকনা খাবারের প্যাকেটসহ বিভিন্ন খাদ্য সাহায্যের পুষ্টিমান উন্নয়নের লক্ষ্যে একটি কারিগরি/ বিশেষজ্ঞ কমিটি গঠনপূর্বক সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করা হয়। সে মোতাবেক দুর্যোগপীড়িত এলাকায় বিভিন্ন বয়স ও টার্গেট গ্রুপের জন্য খাদ্য চাহিদা নির্ধারণ, প্রদেয় খাদ্য সাহায্যের পর্যালোচনা ও পুষ্টিমান উন্নয়ন সংক্রান্ত সুপারিশ প্রদানের নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগ নিম্নোক্ত কারিগরি/ বিশেষজ্ঞ কমিটি গঠন করলেন।

০২) কমিটির গঠন (জ্যেষ্ঠতা অনুসারে নয়) :

i.	মহাপরিচালক, বিএনএনসি	আহবায়ক
ii.	প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
iii.	প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি	সদস্য
iv.	নিউট্রিশন ক্লাস্টার কো-অর্ডিনেটর, ইউনিসেফ	সদস্য
v.	প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা	সদস্য
vi.	চেয়ারম্যান, বিবিএফ	সদস্য
vii.	অধ্যাপক নাজমা শাহীন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
viii.	জনাব এ এফ এম ইকবাল কবীর, কনসালট্যান্ট, বিএনএনসি	সদস্য
ix.	ডা. কামরুন্নাহার, প্রিন্সিপাল রিসার্চ অফিসার, বারডেম	সদস্য
x.	ডা. ললিতা ভট্টাচার্য, সিনিয়র নিউট্রিশন এডভাইজার, এফএও	সদস্য
xi.	লাইন ডিরেক্টর, এনএনএস, আইপিএইচএন ভবন, মহাখালী, ঢাকা	সদস্য-সচিব

০৩) কমিটির কার্যপরিধি :

➤ কমিটি দুর্যোগপীড়িত জনগোষ্ঠীর পুষ্টি ঝুঁকি হ্রাসে-

- ক) দুর্যোগপীড়িত এলাকায় বিভিন্ন বয়স ও টার্গেট গ্রুপের জন্য খাদ্য চাহিদা নির্ধারণ করবে।
- খ) প্রদেয় খাদ্য সাহায্য (শুকনো খাবারের পরিমাণসহ আইটেম- সংযুক্তি-১) পর্যালোচনা করবে।
- গ) খাবারের মূল্য, পুষ্টিমান, নিরাপদতা, সহজলভ্যতা, গ্রহণযোগ্যতা, পরিবহন, বিতরণ, গুদামজাতকরণ, খাদ্য প্রস্তুতকরণ ইত্যাদি বিষয় বিবেচনাপূর্বক বিভিন্ন বয়স ও টার্গেট গ্রুপের জন্য পুষ্টিসমৃদ্ধ ফুড বাস্কেট/ প্যাকেজের বিষয়ে সুপারিশ করবে।
- ঘ) কমিটি আগামী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে দৃষ্টি আকর্ষণপূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের নিকট কার্যপরিধি অনুসারে সুপারিশ প্রেরণ করবে।
- ঙ) কমিটি প্রয়োজনে বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



ড. গোলাম মোঃ ফারুক

উপসচিব

ফোন : ৯৫১৫৫৩১

ph2@hsd.gov.bd

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৭১.৭০.০০১.২০.১৩৭


তারিখ : ১২ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ
২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে অনুযায়ী নয়) :

- ১) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় [কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ১ (এক) জন প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ]
- ২) মহাপরিচালক, বিএনএনসি, আইপিএইচ ভবন, মহাখালী, ঢাকা
- ৩) রিপ্রেজেন্টেটিভ, বিশ্ব খাদ্য কর্মসূচি [কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ১ (এক) জন প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ]
- ৪) নিউট্রিশন ক্লাস্টার কো-অর্ডিনেটর, ইউনিসেফ
- ৫) কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা [কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ১ (এক) জন প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ]
- ৬) চেয়ারম্যান, বিবিএফ, আইপিএইচ ভবন, মহাখালী, ঢাকা
- ৭) অধ্যাপক নাজমা শাহীন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৮) এ এফ এম ইকবাল কবীর, কনসালট্যান্ট, বিএনএনসি, আইপিএইচ ভবন, মহাখালী, ঢাকা
- ৯) ডা. কামরুন্নাহার, প্রিন্সিপাল রিসার্চ অফিসার, বারডেম, শাহবাগ, ঢাকা
- ১০) ডা. ললিতা ভট্টাচার্য, সিনিয়র নিউট্রিশন এডভাইজার, এফএও
- ১১) লাইন ডিরেক্টর, এনএনএস, আইপিএইচএন ভবন, মহাখালী, ঢাকা

অনুলিপি :

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) অফিস কপি।


২২.০৩.২০২০
ড. গোলাম মোঃ ফারুক
উপসচিব
ফোন : ৯৫১৫৫৩১
ph2@hds.gov.bd

৪৭

[Handwritten signatures]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৯.১৮.১০৯

তারিখঃ ২৪-০২-২০২০ খ্রিঃ

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দুর্যোগ পীড়িত এলাকায় প্রদেয় শুকনা খাবারের পুষ্টিমান উন্নয়ন ও নিশ্চিতকরণে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

সূত্রঃ বিশ্বখাদ্য কর্মসূচি ২০ জানুয়ারি, ২০২০ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জাতীয় পুষ্টিনীতি এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় পুষ্টি ঝুঁকিহাসে দুর্যোগ পীড়িত জনগোষ্ঠীর জন্য প্রদেয় খাদ্য সাহায্যে (চাল ও একাধিক আইটেম সমন্বয়ে শুকনা খাবারের প্যাকেটে) পুষ্টিমান বৃদ্ধি ও নিশ্চিতকরণে বিশ্বখাদ্য কর্মসূচিসহ বিভিন্ন এতদসংক্রান্ত উদ্যোগ (Fill the Nutrient Gap) সমূহ থেকে বিভিন্ন সময়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় WFP সূত্রোক্ত পত্র মারফত এ মন্ত্রণালয়কে অনুরোধ করে।

এমতাবস্থায়, এ মন্ত্রণালয় কর্তৃক প্রদেয় শুকনা খাবারের প্যাকেটসহ বিভিন্ন খাদ্য সাহায্যের পুষ্টিমান উন্নয়নের লক্ষ্যে একটি কারিগরি/ বিশেষজ্ঞ কমিটির সুপারিশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তঃ (১) WFP এর পত্র
- (২) শুকনা খাবারের পরিমাণসহ আইটেমসমূহ।

[Handwritten signature]
(মোঃ শাহজাহান)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
sasr1@modmr.gov.bd

ক্র.স্বা-২ঃ ৩০৩
তারিখঃ ২৪/০২/২০২০

✓ সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ ড. গোলাম মোঃ ফারুক, উপসচিব, জনস্বাস্থ্য-২ অধিশাখা)।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৯.১৮.১০৯/১(৩)

তারিখঃ ২৪-০২-২০২০ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

(মোঃ শাহজাহান)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)।

[Handwritten mark]




World Food Programme
বিশ্ব খাদ্য কর্মসূচী

SAVING
LIVES
CHANGING
LIVES

20 January 2020

Mr. Md. Shah Kamal
Senior Secretary, Ministry of Disaster Management and Relief
Bangladesh Secretariat, Dhaka



Subject: Technical assistance to standardise food packages for emergency response

Dear Mr. Md. Shah Kamal,

The United Nations World Food Programme thanks you and the Ministry of Disaster Management and Relief for your strong commitment to emergency response preparedness.

It was agreed during the Fill the Nutrient Gap analysis policy dialogue organized by the Cabinet Division (minutes attached here) that the food packages for emergencies need to be revised to be made more nutritious. This is also mentioned in the Standing Orders on Disaster (2019). WFP is happy to facilitate this process based on our long-standing experience in this area.

WFP would like to request MoDMR, as the lead Ministry for emergency response, to form a technical committee with the Ministry of Health and Family Welfare and other relevant government agencies to agree on the composition of food packages for different ages and target groups.

WFP will gladly support MoDMR and MoHFW in facilitating the formation of the technical committee. We deeply appreciate our relationship and collaboration with you and your departments to make emergency preparedness and response more nutrition-sensitive, and to better serve the population in Bangladesh in times of distress.


Looking forward to our continued collaboration.

Your sincerely,

Richard Ragan
Country Representative
WFP Bangladesh

শুকনা খাবারের পরিমাণসহ আইটেমসমূহঃ (সংযুক্তি-১)

(১)	মিনিকেট চাল	=	১০ কেজি
(২)	মশুর ডাল	=	১ কেজি
(৩)	আয়োডিনযুক্ত লবণ	=	১ কেজি
(৪)	চিনি	=	১ কেজি
(৫)	চিড়া	=	২ কেজি
(৬)	সয়াবিন তেল	=	১ লিটার
(৭)	নুডুলস	=	০.৫ কেজি


২০১৮/১০/২০

১৬